



জবিতে হচ্ছে ‘মুক্তমঞ্চ’

প্রকাশ : ১৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) নাট্যচর্চা এবং সাংস্কৃতিক কর্মকাণ্ড বাস্তবায়নে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবন সংলগ্ন মাঠে মুক্তমঞ্চ স্থাপিত হতে যাচ্ছে। এ বিষয়ে সাধারণ শিক্ষার্থীরা উপাচার্য বরাবর একটি প্রস্তাবনা পেশ করেছেন।

গতকাল মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় নাট্যকলা বিভাগের চেয়ারম্যান ড. মো. কামালউদ্দিন খান সাধারণ শিক্ষার্থীদের নিয়ে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বরাবর একটি প্রস্তাবনা পেশ করেন। এসময় উপাচার্য এ বিষয়ে অভিব্যক্তি প্রকাশ করেন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন।

জানা যায়, ২০০৫ সালে জগন্নাথ কলেজ থেকে বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করলেও প্রতিষ্ঠার ১৪ বছরেও বিশ্ববিদ্যালয়ে সাহিত্য ও সংস্কৃতি চর্চার জন্য কোনো উন্মুক্ত স্থান বা মুক্তমঞ্চ ছিল না। তার পরিপ্রেক্ষিতে বিভিন্ন বিভাগের সংস্কৃতিমনা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে নাট্যচর্চা এবং বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড বাস্তবায়নে উন্মুক্ত একটি মঞ্চ স্থাপনের দাবি নিয়ে উপাচার্যের সঙ্গে আলোচনা করেন। যার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবন সংলগ্ন মাঠে মুক্তমঞ্চ স্থাপন করার নির্দেশ দেওয়া হয়।

শিক্ষার্থীরা বলেন, মুক্তমঞ্চ স্থাপন করলে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক চর্চার পথ আরো এগিয়ে যাবে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|